দৈনিক ইত্তেফাক

তারিখ ..31 MAR 2015...
পৃষ্ঠা ..৭.. কলাম....৮....

# ম্যানেজিং কমিটির সদস্যের হাতে শিক্ষক লাঞ্ছিত!

■ বেড়া (পাবনা) সংবাদদাতা

পাবনায় বেড়ার কৈটলা ইউনিয়নে আদর্শ উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিষয়ের শিক্ষক রেজাউল করিম বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য জাহাঙ্গীর হোসেন পল্টুর হাতে শারীরিকভাবে লাঞ্ছিত হয়েছেন। এ ঘটনায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা ঘটনার বিচার দাবিতে গতকাল সোমবার বিক্ষোভ-মিছিল করেছে। বিক্ষোভ মিছিল নিয়ে বিদ্যালয়ে পৌঁছালে হরিরামপুরের ছাত্রদের সাথে হাতাহাতি শুরু হয়। এ সময় মাছখালীর এক ছাত্রের হাত ভেঙে যায়। এ নিয়ে এলাকায় অভিভাবকদের মধ্যে ব্যাপক উত্তেজনা ও ক্ষোভ বিরাজ করছে।

গত রবিবার বিশ্বকাপ ফাইনাল খেলা দেখা নিয়ে মাছখালী গ্রামের ছাত্রদের সাথে হরিরামপুর গ্রামের ছাত্রদের কথা-কাটাকাটি হয়। এ সময় উভয় পক্ষের মধ্যে তীব্র উত্তেজনা দেখা দেয়। পরে শিক্ষকরা উভয় পক্ষকে শান্ত করেন। এ ঘটনার পর শিক্ষক ও উপস্থিত কমিটির সদস্যরা বিষয়টির সুষ্ঠু মীমাংসার উদ্দেশ্যে এক সভায় মিলিত হন। সভা চলাকালে তুচ্ছ কথাকে কেন্দ্র করে উপস্থিত ম্যানেজিং কমিটির সদস্য জাহাঙ্গীর হোসেন তার হাতের পাশে থাকা বেত দিয়ে শিক্ষক রেজাউল করিমকে আক্রমণ করেন। এতে তিনি আহত হন। উপস্থিত ব্যক্তিদের হস্তক্ষেপে তিনি নিবৃত্ত হন। এ কথা ছড়িয়ে পড়লে ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা তার বিচারের দাবিতে ফুঁসে ওঠে। এ বিষয়ে বিদ্যালয়ে প্রধান শিক্ষককে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, 'ভাই আমি অসুস্থ। কিছু বলতে পারব না'।

বিদ্যালয়ের সভাপতি জানান, বিষয়টি আমরা দেখছি। ভবিষ্যতে যাতে এ ধরনের ঘটনা না ঘটে তা দেখা হবে।